ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫২৯
বিশালগড়, ৫ মে, ২০২৫

**কালিবাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালন**

স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে গত ৩ মে কাঁঠালিয়া ব্লকের নিদয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত কালীবাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালন করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত এলাকার শিশুদের বিনামূল্যে টিকাকরণ করা হয়। এছাড়া ৭০ বছর ঊর্দ্ধ নাগরিকদের আয়ুষ্মান বয় বন্দনা বীমা কিভাবে দ্রুত প্রদান করতে হবে সে বিষয়ে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা আলোচনা করেন। এই গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে উপস্থিত ২৩ জন গর্ভবতী মহিলাকে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে পরামর্শ দেওয়া হয়। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে অঙ্গনওয়াড়ি কর্মী, স্বাস্থ্যকর্মী, আশাকর্মীসহ এলাকার জনগণ উপস্থিত ছিলেন।

*****